# বিজ্ঞপ্তি

NRC
NATIONAL REGISTER OF CITIZENS

**এতদ্বারা জনগণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, রাজ্যের সব জেলাতেই রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীর আবেদনপত্র বিতরণ এবং সম্পূর্ণভাবে পূরণ করা আবেদনপত্র গ্রহণের কাজ আরম্ভ হয়েছে।**

**এ সংক্রান্তে জনগণের সুবিধার্থে নিম্নে উল্লেখ করা গুরুত্বপূর্ণ তথ্যগুলোর বিষয়ে জ্ঞাত হতে জনগণকে অনুরোধ জানানো হল।**

১। অসমের প্রত্যেক জেলাতে ঘরে ঘরে এন আর সির আবেদনপত্র বিতরণের দায়িত্ব পালনের জন্য বিশেষভাবে নিয়োজিত ক্ষেত্র পর্য্যায়ের আধিকারিকদের (FLO) দ্বারা আবেদনপত্র বিতরণ করা হচ্ছে।

২। আবেদনপত্র বিনামূল্যে বিতরণ করা হচ্ছে। ক্ষেত্র পর্য্যায়ের কোন আধিকারিক অথবা কোন সরকারী আধিকারিক-কর্মচারী আবেদনপত্রের জন্য টাকা চাইলে তার বিরুদ্ধে সংশ্লিষ্ট উপায়ুক্ত (নাগরিক পঞ্জীয়নের জেলা পঞ্জীয়ক বা ডি আর সি আর)/চক্র আধিকারিক (নাগরিক পঞ্জীয়নের চক্র পঞ্জীয়ক বা সি আর সি আর)/নাগরিক পঞ্জীয়নের স্থানীয় পঞ্জীয়ক (এল আর সি আর) এর কাছে অভিযোগ দাখিল করা যাবে। এছাড়াও এন আর সির বিনামূল্যের হেল্পলাইন নম্বর 15107 বা আমাদের ওয়েবসাইট **(www.nrcassamcomplaints.in/)** যোগেও অভিযোগ দাখিল করা যাবে।

৩। ঘরে ঘরে বিতরণ করা আবেদনপত্র পাওয়ার এবং এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন দাখিল করার যোগ্যতা রাজ্যের সব বাসিন্দাদেরই আছে।

৪। পরিবারের জন্য আবেদনপত্র পাওয়ার ক্ষেত্রে বাসিন্দাদের ভোটার তালিকা বা অন্য কোন নথিপত্র দেখাতে হবে না।

৫। পূরণ না করা আবেদনপত্রের ফটোকপিও আবেদনপত্র হিসাবে ব্যবহার করা যাবে অথবা এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassam.nic.in/application-form.html)** থেকে ডাউনলোড করে নেওয়া আবেদনপত্রও ব্যবহার করা যাবে। কেবল ক্ষেত্র পর্য্যায়ের আধিকারিকদের (FLO) কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্র ব্যবহার করা এবং দাখিল করাটা বাধ্যতামূলক নয়।

৬। আবেদনকারী যদি সাধারণতঃ ঠিকানাতে ঘরের নম্বর ব্যবহার না করেন তা হলে আবেদনপত্রে ঠিকানা পূরণ করার সময় ঘরের নম্বর উল্লেখ করাটা বাধ্যতামূলক নয়। জনগণনা বা নির্বাচন সম্পর্কীয় ঘরের নম্বর অথবা কোন সরকারী এজেন্সির দ্বারা প্রদত্ত ঘরের অন্য কোন নম্বর খুঁজে সংগ্রহ করার প্রয়োজন নেই।

৭। আবেদনপত্রগুলো সম্পূর্ণ এবং সঠিকভাবে পূরণ করে আবশ্যকীয় সব নথিপত্রের সংগে দাখিল করাটা জনগণের নিজের স্বার্থেই অতীব প্রয়োজনীয়। আবেদনপত্রগুলোর সংগে আবশ্যকীয় সব নথিপত্র বা কোন নথিপত্র সংলগ্ন করা না থাকলেও এন আর সি সেবা কেন্দ্রে (এনএসকে) দাখিল করলে সেগুলো গ্রহণ করা হবে যদিও নাগরিকপঞ্জীতে আবেদনকারীর নাম অন্তর্ভুক্তির যোগ্যতা নিরূপণের জন্য প্রয়োজনীয় পরীক্ষণের সময় সব তথ্য প্রমাণ/নথিপত্রের অভাবে আবেদনপত্র বাতিল হওয়ার ক্ষেত্রে আবেদনকারীকে এই দায় নিতে হবে।

৮। ইংরাজী আবেদনপত্র অসমীয়া এবং বাংলা, বাংলা আবেদনপত্র ইংরাজী এবং অসমীয়া এবং অসমীয়া আবেদনপত্র ইংরাজীতেও পূরণ করা যাবে।

৯। আবেদনপত্রে আবেদনকারীর দ্বারা উল্লেখিত লিগেসি ডাটায় নামের বানানে ভুল থাকলেও আবেদনপত্র খারিজ হওয়ার সম্ভাবনা নেই।

১০। আবেদনপত্র সহজে পূরণ করার সুবিধার্থে নিম্নলিখিত সজাগতা/প্রচারপত্র প্রস্তুত করা হয়েছে ঃ

ক) প্রতিটি আবেদনপত্রের সংগে 'রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী উন্নীতকরণ আবেদনপত্র পূরণের সহজ উপায়' শীর্ষক একটি নির্দেশনাপত্র বিতরণ করা হয়েছে। এই নির্দেশনাপত্রটি আবেদনপত্রের সংগে না পেলে এন আর সির হেল্পলাইন নম্বর 15107 এ ফোনযোগে অথবা এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassamcomplaints.in/)**এ অভিযোগ দাখিল করা যাবে। এই নির্দেশনাপত্র এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassam.nic.in/application-form.html)**এ অনলাইনেও দেখা যাবে।

খ) আবেদনপত্র পূরণের জন্য আবশ্যকীয় তথ্য অর্থাৎ জরুরী নথিপত্র এবং প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য প্রয়োজনীয় পরামর্শ সম্বলিত একটি প্রচারপত্রও প্রকাশ করা হয়েছে। এই প্রচারপত্রগুলো জেলা প্রশাসনের আধিকারিকদের দ্বারা নগর এবং গ্রামাঞ্চলে আয়োজিত গ্রামসভা/নাগরিকসভাগুলোতে বিতরণ করা হয়েছে। এই প্রচারপত্র এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassam.nic.in/leaflets.html)**এ অনলাইনযোগেও দেখা যাবে।

গ) চন্দ্র শর্মা নামের ব্যক্তির একটি কাল্পনিক পরিবারের দ্বারা আবেদনপত্র পূরণের উদাহরণ দিয়ে আবেদনপত্র কিভাবে পূরণ করতে হবে তার বিবরণ সম্বলিত একটি ভিডিও টিউটরিয়েল প্রস্তুত করা হয়েছে। এই ভিডিও টিউটরিয়েলটি এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassam.nic.in/videos.html)**এ দেখা যাবে তথা ডাউনলোডও করা যাবে। জনগণের জন্য এই ভিডিও টিউটরিয়েলটি ইউ টিউবেও আপলোড করা হয়েছে। জেলা প্রশাসনের আধিকারিকদের দ্বারা পরিচালিত গ্রামসভা/নাগরিকসভাগুলোতেও এই ভিডিও টিউটরিয়েলটি প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

ঘ) চন্দ্র শর্মার কাল্পনিক পরিবারটি কিভাবে নথিপত্র সংগ্রহ করে আবেদনপত্র পূরণ করেছে তা দেখিয়ে চিত্র সম্বলিত একটি প্রচারপত্র মুদ্রণ করা হয়েছে। ক্ষেত্র পর্য্যায়ের আধিকারিকদের কাছ থেকে এই প্রচারপত্র সংগ্রহ করা যাবে। এই প্রচারপত্রটি সব এন আর সি সেবা কেন্দ্র এবং এন আর সি অসমের ওয়েবসাইটে **(www.nrcassam.nic.in/leaflets.html)** উপলব্ধ করা হয়েছে।

ঙ) আবেদনপত্র পূরণে জনগণকে আরও অধিক সহায়তা করতে আবেদনপত্রের পৃষ্ঠা-**'C'**র একটি অনুশীলনী পৃষ্ঠা মুদ্রণ করা হয়েছে। নিকটবর্তী এন আর সি সেবা কেন্দ্র থেকে এই অনুশীলনী পৃষ্ঠাগুলো সংগ্রহ করে অনুশীলন করার দ্বারা আবেদনপত্রগুলো শুদ্ধ এবং পরিষ্কারভাবে পূরণ করতে সহায়ক হবে।

১১। আবেদনপত্রগুলো **২২ জুন, ২০১৫** তারিখ থেকে এন আর সি অসমের ওয়েবসাইট **(www.nrcassam.nic.in)** এর মাধ্যমে অনলাইনেও দাখিল করা যাবে।

১২। ক্ষেত্র পর্য্যায়ের আধিকারিকদের দ্বারা ঘরে ঘরে আবেদনপত্র বিতরণ করার সময় প্রত্যেক পরিবারের জন্য আবেদনপত্র গ্রহণের নির্দিষ্ট তারিখ জানিয়ে দেওয়া হবে। এন আর সি সেবা কেন্দ্রে আবেদনকারীদের অতিরিক্ত ভিড় এড়াবার জন্য এবং সুশৃংখলভাবে আবেদনপত্র গ্রহণ করার সুবিধার্থে আবেদনপত্র জমা দেওয়ার এই নির্দিষ্ট তারিখটি জানিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

১৩। এন আর সি সেবা কেন্দ্রগুলো মাসের দ্বিতীয় এবং চতুর্থ শনিবার, সব রবিবার এবং সরকারী বন্ধের দিন ছাড়া অন্য সব কর্মদিনেই খোলা থাকবে।

১৪। আবেদনপত্র জমা দেওয়ার অন্তিম তারিখ **৩১ জুলাই, ২০১৫**।

**বিশদভাবে জানতে এবং সহায়তার জন্য**

**আমাদের টোল ফ্রী হেল্পলাইন নম্বর ১৫১০৭ (15107)**

**আমাদের ওয়েবসাইট**
**www.nrcassam.nic.in**

**রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়ন, অসমের দ্বারা জনহিতার্থে প্রচারিত।**

Exclusive/NRC/05-2015/16